

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর  
আইপিএইচ স্কুল রোড  
মহাখালী, ঢাকা-১২১২  
www.dgnm.gov.bd

নং-৪৫,০৩,০০০০.০০২.০১.১০৬.২০, ৮২

তারিখঃ- ২০/০২ /২০২১ খ্রিঃ


নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ নিয়োগ বিজ্ঞপ্তি

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন নার্সিং ইনস্টিটিউট, সিরাজগঞ্জের নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ পদে পদায়নের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ১০ম গ্রেডের যোগ্যতাসম্পন্ন সরকারী চাকুরিতে কর্মরত আত্মহী নার্সিং কর্মকর্তাগণের নিকট হতে নির্দেশক্রমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

আবেদনের শর্তাবলী :

১. বয়স সর্বনিম্ন ৪৫ বছর।
২. শিক্ষাগত যোগ্যতা, বিএসসি নার্সিং/ এমএসসি ডিগ্রী/ এমপিএইচ থাকতে হবে।  
(বর্ণিত ডিগ্রী সমূহ সরকারী চাকুরি প্রাপ্তির পর প্রাইভেট প্রতিষ্ঠান হতে সম্পন্ন করিলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে)।
৩. নার্সিং কলেজ/ইনস্টিটিউটে (সমপর্যায়) কমপক্ষে ০৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।
৪. ইংরেজি ভাষায় দক্ষতা থাকতে হবে।
৫. আর্থিক ও প্রশাসনিক বিষয়ে দক্ষ হতে হবে।
৬. কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।
৭. বিভাগীয় মামলা নেই মর্মে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
৮. কোন আদালতে মামলা নেই মর্মে প্রার্থী কর্তৃক প্রত্যয়ন দাখিল করতে হবে।
৯. কোন জটিল রোগে আক্রান্ত নয় মর্মে মেডিকেল সার্টিফিকেট দাখিল করতে হবে।
১০. আবেদনপত্রে এবং খামের উপর স্পষ্টভাবে পদের নাম উল্লেখ করতে হবে।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আত্মহী প্রার্থীগণ আবেদনপত্র কম্পিউটারে টাইপ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা বরাবরে আবেদন করে আগামী ২৭/০১-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে ডাকযোগে অথবা সরাসরি জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

  
মোহাম্মদ আবদুল হাইপিএএ  
(উপসচিব)  
পরিচালক(প্রশাসন ও শিক্ষা)  
ই-মেইল- info@dgnm.gov.bd